



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 26 Sep. 26

TIME: 7:35 AM

উত্তর-পূর্বাঞ্চলের উদ্ভাবনী প্রতিভা এবং যুব উদ্যোগীদের জন্য একটি পৃথক মঞ্চ প্রদানের লক্ষ্যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তুবিশ্ব শর্মা নর্থ-ইষ্ট সেবা ফাষ্ট ইনভেশন চ্যালেঞ্জ ২০২৬ এর সূচনা করেছেন। গুয়াহাটীর খানাপারার প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে গতকাল এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেণ্ড উপস্থিত ছিলেন। ডক্টর শর্মা তার ভাষণে বলেন যে যুবক-যুবতীদের শুধুমাত্র প্রযুক্তি ব্যবহারকারী না থেকে নতুন প্রযুক্তি এবং এর সমাধানের স্রষ্টা হতে হবে। নর্থ-ইষ্ট সেবা ফাষ্ট ইনভেশন চ্যালেঞ্জ এই লক্ষ্য নিয়ে বাস্তব জীবনের ৫০টি মুক্ত প্রত্যাশনকে যুব উদ্ভাবকদের জন্য নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। এই অনুষ্ঠানে প্রকৃত সমস্যার সমাধান, অনুদান গ্রহণ ইত্যাদি বিষয়ের ওপর বিশেষভাবে আলোকপাত করা হবে। এর মাধ্যমে সরকার এবং শিল্পের ক্ষেত্রে দেখা দেওয়া প্রত্যাশনসমূহের সমাধানের জন্য গতকাল থেকে আগামী ১০ অক্টোবর পর্যন্ত ওয়েবিনার, ওরিয়েন্টেশন, কর্মশালা এবং প্রচার ইত্যাদি কার্যসূচি গ্রহণ করা হয়েছে। এ সম্পর্কে রাজ্যের জনসাধারণ নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে আগামী ২৫ অক্টোবর পর্যন্ত নিজেদের প্রশ্ন উত্থাপন করতে পারবেন। একইভাবে আগামী ৮ নভেম্বর পঞ্জীয়নের এবং ১০ নভেম্বর আবেদন পত্র জমা দেওয়ার চূড়ান্ত দিন ধার্য করা হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৮তম পর্ব ।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে ওইদিন বেলা ১১টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট **NEWS on AIR** মোবাইল অ্যাপ , আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ , প্রধানমন্ত্রীর দপ্তর , তথ্য ও সম্প্রচার মন্ত্রকের **Youtube** চ্যানেলেও অনুষ্ঠানটি শোনা যাবে ।

কেন্দ্রীয় অর্থমন্ত্রক জানিয়েছে যে আগামীকাল দেশের সব জাতীয় এবং আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলি খোলা থাকবে । ইউনাইটেড ফোরাম অব ব্যাঙ্ক আহত ২৮ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত ধর্মঘটের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । অর্থমন্ত্রক জানিয়েছে যে ভারতের রিজার্ভ ব্যাঙ্ক , সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলির শাখা , কার্যালয় , এ টি এম এবং কারেন্সি চেষ্ট ২৭ সেপ্টেম্বর রবিবার হওয়া সত্ত্বেও ওই দিন ব্যাঙ্ক সম্পূর্ণ খোলা থাকবে এবং স্বাভাবিক কাজকর্ম হবে ।

শিলচর পৌরনিগম নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য চূড়ান্ত পর্যায়ের প্রস্তুতি অব্যাহত । কাছাড়ের জেলা নির্বাচন আধিকারীক এক নির্দেশে ভোট সামগ্রী বিতরণ ও গ্রহণ করার জন্য ট্রানজিট আধিকারীক ও কর্মীদের নিযুক্তি দিয়েছেন । আগামী দোসরা অক্টোবর রামনগরের আই এস বিটি / আই এস টি টি থেকে ভোট সামগ্রী বিতরণ করা হবে । তেসোরা অক্টোবর ভোট গ্রহণ সম্পন্ন হওয়ার পর একই স্থানে ভোট সামগ্রী গ্রহণ করা হবে । ভোট সামগ্রী বিতরণের জন্য ট্রানজিট আধিকারীক ও কর্মীদের সকাল সাড়ে ৬ টায় আই এস বিটি / আই এস টি টিতে উপস্থিত থাকতে বলা হয়েছে । নিযুক্তিপ্রাপ্ত ট্রানজিট আধিকারীক ও তৃতীয় শ্রেণীর কর্মীদের আগামী ২৯ শে সেপ্টেম্বর বেলা ১১ টা ৩০ মিনিটে জেলা আয়ুক্তের কার্যালয়ের নতুন

সম্মেলন কক্ষে উপস্থিত থেকে নিজ নিজ দায়িত্ব সমঝে নেবার ও নির্দেশ দেওয়া হয়েছে। আগামী দোসরা অক্টোবর আধিকারীক কর্মচারীদের আই এস বিটি / আই এস টিটি তে পৌঁছে দেওয়ার জন্য ডাকবাংলো সংলগ্ন জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গন থেকে সকাল ৫ টা শাটল বাস চলাচল করবে। নির্বাচনের দিন অর্থাৎ তেসোরা অক্টোবর দুপুর ২ টো থেকে অনুরূপভাবে শাটল বাস পরিষেবা প্রদান করা হবে। ট্রানজিট আধিকারীক ও কর্মীদের উন্নয়ন ভবনের আইডেন্টিটি কার্ড সেল থেকে সচিত্র পরিচয়পত্র অগ্রিম সংগ্রহ করার জন্য ফটো সেশনে উপস্থিত থাকতে বলা হয়েছে।

.....

পৌরনিগম নির্বাচনের পূর্বে বিজেপি গতকাল তাদের দলীয় পৌর এলাকা উন্নয়ন সংকল্পত্র উন্মোচন করেছে। সংকল্পপত্রে শিলচরকে স্বচ্ছ ও সুন্দর, সবুজ এবং পরিকল্পিত মহানগড় হিসেবে করে গড়ে তোলার কথা ঘোষণা করা হয়েছে। এ উল্লেখ্য আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া জানান যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগামী ৩০ শে সেপ্টেম্বর পৌরনিগম নির্বাচনের প্রচারে শিলচর আসছেন। শ্রী শইকিয়া শিলচরের জমা জলের সমস্যা তথা জল নিষ্কাশন সমস্যা বিজ্ঞানসম্মতভাবে সমাধান করার জন্য উপযুক্ত প্রকল্প প্রস্তুত করার কথা ও উল্লেখ করেন

.....

পৌর নিগম নির্বাচনের ভোট গণনা কর্মীদের আজ প্রথম পর্যায়ে এবং আগামী ৩০ শে সেপ্টেম্বর দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ প্রদান করা হবে। শিলচর কাছাড় কলেজে সকাল সাড়ে ১০ টা থেকে এই প্রশিক্ষণ শুরু হবে। প্রশিক্ষণের জন্য একাধিক এডিশ্যনেল লেভেল মাস্টার ট্রেনার / মাস্টার ট্রেনার নিয়োগ করা হয়েছে। গতকাল জেলা নির্বাচন আধিকারীকের কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ থেকে এ সংক্রান্ত নির্দেশ জারি করা হয়েছে।

.....

এশিয়ান গেমসে ভারতে মোট পদকের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৩-এ। এর মধ্যে রয়েছে ২টি সোনা, ৯টি রূপো এবং ১২টি ব্রোঞ্জ।

জাপানের নাগোয়ায় গতকাল মিক্সড টিম ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে সোনা জিতেছেন ভারতের কামালজিৎ ও সুরুচি সিং জুটি। ফাইনালে তাঁরা ৪৮৪ দশমিক ৬ পয়েন্ট স্কোর করে দক্ষিণ কোরিয়ার জুটিকে ৬ দশমিক ৬ পয়েন্টের ব্যবধানে পরাজিত করেন।

পুরুষদের ১০ হাজার মিটার দৌড়ে রূপো জিতেছেন ভারতের দীর্ঘপাল্লার দৌড়বিদ গুলভীর সিং। মহিলাদের পোল ভল্টে ব্রোঞ্জ পেয়েছেন বারানিকা এলাঙ্গোভান। মহিলাদের শটপাটে ব্রোঞ্জ জিতেছেন মনপ্রীত কউর।

টেবিল টেনিসে মিক্সড ডাবলসে দিয়া চিতালে ও মানুশ শাহ জুটি ব্রোঞ্জ জিতেছে। এদিকে, সেমিফাইনালে বড় ব্যবধানে জয় পেয়ে এশিয়ান গেমসের ফাইনালে উঠেছে ভারতের পুরুষ ও মহিলা কবাডি দল।

স্কোয়াশেও তিনটি পদক নিশ্চিত করেছে ভারত। মিক্সড ডাবলসে জোশনা চিনাপ্পা ও ভেলাভান সেন্থিলকুমার এবং সিঙ্গেলসে অনাহত সিং ও অভয় সিং সেমিফাইনালে পৌঁছেছেন।
